



2010 আদমশুমারি সম্পর্কে আপনার কী জানা উচিত আগস্ট 2009

- প্রতি 10 বছরে একবার করে পরিচালিত, আদমশুমারি এমন সকল তথ্য সংগ্রহ করে যেগুলি এশিয়ান আমেরিকান গোষ্ঠীকে প্রভাবিত করে এমন একাধিক বিস্তারিত প্রকারের নীতিকে কার্যে পরিণত করতে ব্যবহৃত হয়, যার অন্তর্ভুক্ত হল:
 - ইএসএল (ESL) ক্লাস, কাজের প্রশিক্ষণ, এবং দোভাষী পরিষেবার জন্য রাজ্য এবং গোষ্ঠীদের ফেডার্যাল ফান্ডগুলিতে \$300 বিলিয়নের চেয়ে বেশি অর্থ বন্টন করা;
 - শিক্ষা, কর্মনিযুক্তি, স্বাস্থ্য সেবা, আবাসন, অভিবাসন, ঋণদান, এবং ভোটদান-র নাগরিক অধিকার সংক্রান্ত আইনগুলি বলবৎ করা;
 - দোভাষীয় ব্যালটের প্রাপ্তি;
 - মহাসভার আসনগুলিকে রাজ্যগুলিতে বন্টন করা, এবং জাতিগত ও উপজাতিক সংখ্যালঘু গোষ্ঠীদের রাজনৈতিক প্রতিনিধিত্ব নির্ধারণ করা।
- আপনি লোক-গণনায় যে তথ্য প্রদান করেন তা সম্পূর্ণরূপে গোপনীয়। আইন অনুসারে, আপনার ব্যক্তিগত তথ্য ইউএসসিআইএস (USCIS), আইসিই (ICE), আইআরএস (IRS), পুলিশ, বিল্ডিং-র বাড়িওয়ালার, বা প্রতিবেশীদের সঙ্গে বিনিময় করা যাবে না।
- 2010 দশবার্ষিক আদমশুমারি সংক্রান্ত প্রশ্নাবলীটি কেবলমাত্র কতগুলি সরল প্রশ্ন জিজ্ঞাসা করে - নাম, সম্পর্ক, লিঙ্গ, বয়স এবং জন্মের তারিখ, জাতি, এবং আপনার বাড়িটি আপনার নিজস্ব অথবা ভাড়া। কিন্তু অন্যান্য কিছু লোক-গণনা সংক্রান্ত প্রশ্নাবলী (আমেরিকান কমিউনিটি সার্ভে) নাগরিকত্ব, আয়, কোন দেশের অধিবাসী এবং ইংলিশে দক্ষতা সম্পর্কিত প্রশ্ন জিজ্ঞাসা করে। আদমশুমারি কখনোই অভিবাসনের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করে না।
- ফেব্রুয়ারী এবং মার্চ 2010-র মধ্যে, আপনার অবশ্যই লোক-গণনা সংক্রান্ত প্রশ্নাবলীটি মেইল-এ পাওয়া উচিত। যত দূর সম্ভব নির্ভুলভাবে এটিকে পূরণ করুন, এবং এটিকে মেইল-এ ফেরৎ পাঠিয়ে দিন। এইসব খামে সরকারি স্ট্যাম্প দেওয়া থাকে। আপনি যদি একটি প্রশ্নাবলী না পেয়ে থাকেন, তাহলে একাধিক কমিউনিটি স্থান থেকে একটি “গণনার অন্তর্ভুক্ত হন” ফর্ম তুলে নিতে পারেন।
- এপ্রিল এবং জুলাই 2010-র মধ্যে, আদমশুমারি কর্তৃপক্ষের প্রতিনিধিরা (“এনিউমারেটরস”) পরিবারগুলির খবর নিতে আপনার চারপাশের এলাকার ঘরে-ঘরে যাবেন। নিম্নলিখিতগুলি এই প্রক্রিয়ার অন্তর্ভুক্ত:
 - প্রথমতঃ, যে সকল বাড়ি থেকে মেইল-এ আদমশুমারির ফর্ম ফেরৎ পাঠানো হয় নি সরকারি প্রতিনিধি সেই সকল বাড়িতে যাবেন। যদি তারা পরিবারটির কারুর কাছ থেকে কোন তথ্য পেতে না পারেন, তাহলে তারা তাদের প্রতিবেশীদের বাড়িতে যাবেন।
 - দ্বিতীয়তঃ, ফর্মটি যে নির্ভুলভাবে পূরণ করা হয়েছে তা সুনিশ্চিত করার জন্য আদমশুমারি কর্তৃপক্ষের প্রতিনিধিরা সেই সকল বাড়িতে যাবেন যারা সেটি ফেরৎ পাঠিয়েছেন।
 - তৃতীয়তঃ, যে সকল ব্যক্তি আশেপাশের অঞ্চল থেকে তুলে নেওয়া “গণনার অন্তর্ভুক্ত হন” ফর্ম পূরণ করেছিলেন তাদের প্রদত্ত তথ্য আদমশুমারি কর্তৃপক্ষের প্রতিনিধিরা যাচাই করবেন।

- আদমশুমারি কর্তৃপক্ষের প্রতিনিধিরা একটি পরিবারে একাধিকবার যেতে পারেন। অনুগ্রহ করে সহযোগিতা করুন এবং তাদের প্রশ্নগুলির উত্তর দিন। এটি একটি গণনা নির্ভুল সুনিশ্চিত করার জন্য করা হয়।
- আপনি যদি ইংরেজি বুঝতে না পারেন, তাহলেও আপনি গণনার অন্তর্ভুক্ত হতে পারেন!
 - টেলিফোন কোয়েশ্চেনেয়ার অ্যাসিস্ট্যান্স (TQA) সেন্টার-এ ফোন করুন, যেটি ফেব্রুয়ারী 25, 2010 থেকে জুলাই 30, 2010 পর্যন্ত খোলা থাকবে। ফোন নম্বরটি হল 1-866-872-6868। তাদের কাছে এমন ব্যক্তি আছেন যিনি হয়ত আপনার ভাষায় কথা বলতে পারেন।
 - আপনি ফর্মটি টেলিফোনের মাধ্যমে পূরণ করতে পারেন এবং আদমশুমারির প্রতিনিধি যে কোন অতিরিক্ত প্রশ্নের উত্তর দিতে পারেন।
 - আপনি চীনা, কোরিয়ান, ভিয়েতনামিজ, স্প্যানিশ, বা রাশিয়ান ভাষায় প্রশ্নাবলীটির একটি কাগজের প্রতিলিপির জন্যও অনুরোধ করতে পারেন।
 - পরিশেষে, যদি আপনি তালিকাভুক্ত ভাষাগুলি ছাড়া অন্য কোন ভাষায় সহায়তা চান, তাহলে আপনি একটি ল্যান্ডসুয়েজ অ্যাসিস্ট্যান্স গাইডও (ভাষা সহায়তার নির্দেশিকা) চাইতে পারেন।
 - আপনার স্থানীয় আদমশুমারি অফিস-এ ফোন করুন এবং আপনার বাড়িতে আসার জন্য আপনার ভাষায় কথা বলেন এমন একজন প্রতিনিধির সন্ধান করুন। তারা উপস্থিত হওয়ার সাথে সাথে এইসকল টেলিফোন নম্বরগুলি প্রদান করা হবে।
- যে ব্যক্তি আপনার বাড়িতে যান তিনি একজন আদমশুমারি প্রতিনিধি কিনা এই ব্যাপারে আপনি যদি সুনিশ্চিত না হন, তাহলে
 - তাকে বলুন আপনাকে একটি “সেনসাস এনিউমারেটর” ব্যাজ দেখাতে, যেটি ফেডার্যাল সরকার দ্বারা প্রদত্ত হয়েছে। আদমশুমারি প্রতিনিধিরা বড় হরফে নাম, “সেনসাস 2010” ছাপানো কালো ব্যাগও বহন করে থাকতে পারেন।
 - আপনি যদি এসত্ত্বেও উদ্বিগ্ন হন, তাহলে ব্যক্তিটি ইউ.এস. সেনসাস ব্যুরো দ্বারা নিয়োজিত কিনা তা সুনিশ্চিত করার জন্য আপনার রিজিওনাল সেনসাস সেন্টার-এ ফোন করতে পারেন।
- যদি কোনো আদমশুমারি প্রতিনিধি যথোপযুক্ত ব্যবহার না করেন অথবা আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করেন, তাহলে অবিলম্বে এএএলডিইএফ (AALDEF)-কে 212-966-5932-নম্বরে ফোন করুন। AALDEF বিভিন্ন রাজ্যে সেনসাস ব্যুরোর কার্যকারিতা নিয়ন্ত্রণ করছে। আমরা অযথাযথ আচরণ বা ব্যক্তিগত তথ্য বিনিময় সংক্রান্ত যে কোন ঘটনা রিপোর্ট করব। AALDEF-র উকিলরাও আপনার গোপনীয়তা সুরক্ষিত করবেন, বিশেষ করে আপনার অভিবাসনের কোন কাগজপত্র না থাকলে।

**এত কিছু ঝুঁকির মধ্যেও, এশিয়ান আমেরিকান গোষ্ঠীদের নির্ভুল গণনা অত্যন্ত গুরুত্বপূর্ণ!
আদমশুমারিতে অংশগ্রহণ করুন!**

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন :

এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড (AALDEF)
99 হাডসন স্ট্রীট, 12th ফ্লোর • নিউ ইয়র্ক, NY 10013
800.966.5946 • info@aaldef.org • www.aaldef.org